

🗏 আয-যুমার | Az-Zumar | ٱلزُّمَر

আয়াতঃ ৩৯ : ৫৬

া আরবি মূল আয়াত:

أَن تَقُولَ نَفسٌ يُّحَسرَتٰى عَلَى مَا فَرَّطتُّ فِى جَنبِ اللهِ وَ إِن كُنتُ لَمِنَ السَّخِرِينَ ﴿ ٥٤﴾

যাতে কাউকেও বলতে না হয়, 'হায় আফসোস! আল্লাহর হক আদায়ে আমি যে শৈথিল্য করেছিলাম তার জন্য। আর আমি কেবল ঠাট্টা-বিদ্রূপকারীদের মধ্যে অন্তর্ভুক্ত ছিলাম'। — আল-বায়ান

যাতে কাউকে বলতে না হয়- হায় আফসোস! আমি আল্লাহর প্রতি (আমার কর্তব্যে) অবহেলা করেছিলাম, আর আমি তো ঠাট্টা বিদ্রূপকারীদের অন্তর্ভুক্ত ছিলাম। — তাইসিক্রল

যাতে কেহকেও বলতে না হয়ঃ হায়! আল্লাহর প্রতি আমার কর্তব্যে আমি যে শৈথিল্য করেছি তার জন্য আফসোস! আমিতো ঠাট্টাকারীদের অন্তর্ভুক্ত ছিলাম। — মুজিবুর রহমান

Lest a soul should say, "Oh [how great is] my regret over what I neglected in regard to Allah and that I was among the mockers." — Sahih International

৫৬. যাতে কাউকেও বলতে না হয়, হায় আফসোস! আল্লাহ্র প্রতি আমার কর্তব্যে আমি যে শৈথিল্য করেছি তার জন্য(১)! আর আমি তো ঠাট্টাকারীদের অন্তর্ভুক্ত ছিলাম।

(১) হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'প্রত্যেক জাহান্নামবাসীকেই জান্নাতে তার যে স্থানটি ছিল তা দেখানো হবে, তখন সে বলবে, হায় যদি আল্লাহ আমাকে হিদায়াত করত ফলে তা তার জন্য আফসোসের কারণ হবে। আর প্রত্যেক জান্নাতবাসীকেই জাহান্নামে তার যে স্থানটি ছিল তা দেখানো হবে; তখন সে বলবে, হায় যদি আল্লাহ আমাকে হিদায়াত না করত তবে আমার কি হতা! ফলে সেটা তার জন্য কৃতজ্ঞতা প্রকাশ হিসেবে দেখা দিবে। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এ আয়াতটি তেলাওয়াত করলেন।' [মুস্তাদরাকে হাকিম: ২/৪৩৫]

তাফসীরে জাকারিয়া

(৫৬) যাতে কাউকেও বলতে না হয়, 'হায়! আল্লাহর প্রতি আমার কর্তব্যে আমি তো শৈথিল্য করেছি।[1] আর অবশ্যই আমি ঠাট্টা-বিদ্রূপকারীদের একজন ছিলাম।'



[1] في جَنْبِ اللهِ এর অর্থ, আল্লাহর আনুগত্য। অর্থাৎ, কুরআন অনুযায়ী আমল করার ব্যাপারে শৈথিল্য। অথবা بَنْبُ এর অর্থ, নিকট ও পাশে হওয়া। অর্থাৎ, আল্লাহর নৈকট্য (বা জান্নাত) কামনা করার ব্যাপারে শৈথিল্য করেছি।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4114

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন